

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৩৬২

আগরতলা, ৮ জুন, ২০২৪

নয়াদিল্লির দ্বারকায় নতুন ত্রিপুরা ভবনের জমি পরিদর্শনে মুখ্যমন্ত্রী



মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা আজ নয়াদিল্লির দ্বারকার সেক্টর-১৭ তে নতুন ত্রিপুরা ভবনের বরাদ্দকৃত জমি পরিদর্শন করেন। উল্লেখ্য, গত ৭ মার্চ, ২০২৪ দিল্লি ডেভেলপমেন্ট অথরিটি নয়াদিল্লির দ্বারকায় নতুন ত্রিপুরা ভবন নির্মাণের জন্য ২,৯৩০ বর্গমিটার জমি হস্তান্তর করেছে। আগামী কিছুদিনের মধ্যেই এখানে নতুন ত্রিপুরা ভবন নির্মাণের কাজ শুরু হবে। সিপিডব্লিউডি এই ভবনটি নির্মাণ করবে। নতুন ত্রিপুরা ভবনের জমি পরিদর্শনের সময় মুখ্যমন্ত্রী উপস্থিত আধিকারিকদের অত্যাধুনিক ও উন্নতমানের ভবন নির্মাণের নির্দেশ দেন। দ্বারকায় জমি পরিদর্শনের সময় মুখ্যমন্ত্রীর সাথে নয়াদিল্লির ত্রিপুরা ভবনের আধিকারিকগণ ও সিপিডব্লিউডি'র প্রকৌশলীগণ উপস্থিত ছিলেন।

তাছাড়াও মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা আজ নয়াদিল্লিতে টিকেন্দ্রজিৎ মার্গের ত্রিপুরা ভবন কমপ্লেক্সের খালি জায়গায় পৃথক একটি বহুতল ভবন নির্মাণ করা নিয়েও ত্রিপুরা ভবনের আধিকারিক ও সিপিডব্লিউডি'র প্রকৌশলীদের সাথে আলোচনা করেন এবং ভবনটির নির্মাণ কাজ দ্রুত শুরু করার উপর গুরুত্ব আরোপ করেন।

\*\*\*\*\*